



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-১৫৩/২০১৮/৪৬৮


তারিখ: ০২ অক্টোবর ২০২৩ ব.
২৫ এপ্রিল ২০২৬ খ্রি.

বিষয়: ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদরাসা পরিদর্শনকালীন নথিপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, শিবগঞ্জ ফাজিল মাদরাসা, শিবগঞ্জ, বগুড়ায় জনাব মো: মাহবুবে রফিক বিধি বহির্ভূতভাবে মাদরাসার অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন। তাঁর নাম অধ্যক্ষ পদের এমপিও শীটে অন্তর্ভুক্ত নেই। বর্ণিত মাদরাসার উপাধ্যক্ষ অবসরে যাওয়ার উক্ত পদটি বর্তমানে শূন্য রয়েছে। বর্তমান অধ্যক্ষের দায়িত্ব পালন বিষয়টি বিধি মোতাবেক হয়নি মর্মে বিবেচিত হয়।

এমতাবস্থায়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরি শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০২৩ (সংশোধিত) এর অনুচ্ছেদ ১২ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ এর ১৩ ধারা মোতাবেক অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদ শূন্য থাকলে জ্যেষ্ঠতম আরবি বিষয়ের শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানপূর্বক বিশ্ববিদ্যালয়কে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


২৫.০৪.২০২৬
ফাহাদ আহমদ মোমতাজী
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
মেইল: iauregistr@gmail.com

প্রাপক

সভাপতি

শিবগঞ্জ ফাজিল মাদরাসা


উপজেলা- শিবগঞ্জ, জেলা- বগুড়া।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/রা-১৫৩/২০১৮/৪৬৮(৫)

তারিখ: ২৫/০৪/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
২. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, শিবগঞ্জ ফাজিল মাদরাসা, শিবগঞ্জ, বগুড়া।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি ও মহানথি।


২৫/০৪/২০২৬
(মো: শাহ নেওয়াজ)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল: ০১৭১১-৬৬৫৪০৫